

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শুজলা-৩ শাখা
www.mopa.gov.bd

শুজাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুজাচার পুরস্কার প্রদান বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|------------------------|---|---|
| সভাপতি | : | শেখ ইউসুফ হারুন সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০৬ অক্টোবর ২০২০ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শুজলা ও তদন্ত) সভাকে অবহিত করেন যে, শুজাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মচারীদের ২০১৯-২০ সময়ের কার্যাদির ভিত্তিতে শুজাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে প্রত্যেক অনুবিভাগ, সচিবের দপ্তর এবং প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর হতে নির্ধারিত হক অনুযায়ী গ্রেড-১ হতে গ্রেড-১০ ডুস্ত এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ডুস্ত কর্মকর্তা/কর্মচারীগণের মূল্যায়নসহ অন্যান্য তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। সকল অনুবিভাগ এবং দপ্তর থেকে এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যায়।

সভায় শুজাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এর অনুচ্ছেদ-৩ এ বর্ণিত পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ, অনুচ্ছেদ-৪ এ উল্লিখিত সূচকসমূহ এবং অনুচ্ছেদ-৫ এ নির্ধারিত পুরস্কার প্রাপ্তির যোগ্যতা ও তথ্যাদির বিষয়ে আলোচনা হয়। শুজাচার পুরস্কার প্রদান বিষয়ক কমিটি নীতিমালার অনুচ্ছেদ-৪ এ নীতিমালায় বর্ণিত সূচক (Indicator)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হয়েছে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুজাচার চর্চার জন্য নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রমে ১০ নম্বরসহ নীতিমালার হকে উল্লিখিত মোট ১০০ নম্বর বিবেচনা করা হয়েছে। সভায় বিভিন্ন অনুবিভাগ/দপ্তরে কর্মরত যথাক্রমে: গ্রেড-১ হতে গ্রেড-১০ ডুস্ত এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ডুস্ত কর্মকর্তা/কর্মচারীগণের মূল্যায়নসহ সংশ্লিষ্ট তথ্যাদিও পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায় যে, বিভিন্ন অনুবিভাগ ও দপ্তর হতে পুরস্কার প্রদানের উদ্দেশ্যে গ্রেড-১ হতে গ্রেড-১০ ক্যাটাগরিতে সর্বমোট ০৯(নয়) জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে ২০ ক্যাটাগরিতে সর্বমোট ১১(এগার) জন কর্মচারীর জন্য নাম প্রস্তাব করা হয়েছে। সভায় মনোনয়ন প্রাপ্ত কর্মচারীদের বিস্তারিত তথ্যাদি পর্যালোচনা করা হয় এবং শুজাচার পুরস্কার প্রদান বিষয়ক কমিটি কর্তৃক মনোনয়ন প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্পৃহা, কর্মদক্ষতা, সততা, নৈতিকতা, ইতিবাচক দৃষ্টিভঙ্গী ও পোষাক পরিচ্ছদ ইত্যাদি বিবেচনায় সামগ্রিক মূল্যায়ন করা হয়।

সার্বিক মূল্যায়নে অর্জিত সর্বোচ্চ নম্বর প্রাপ্তির ভিত্তিতে গ্রেড-১ হতে গ্রেড-১০ ক্যাটাগরিতে ০৯(নয়) জন কর্মচারীর মধ্যে জনাব শেলিনা খানম, উপসচিব (সিআর-৩ শাখা), অতিরিক্ত সচিবের দপ্তর; এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ক্যাটাগরিতে ১১(এগার) জন কর্মচারীর মধ্যে জনাব মোঃ রাকিবুল হক ভূইয়া, কম্পিউটার অপারেটর, সচিবের দপ্তর-কে ২০১৯-২০ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শুজাচার পুরস্কারের জন্য নির্বাচন করা হয়।

এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান ০৭(সাত) জন কর্মকর্তার মধ্যে কর্মকাল ও পূর্বে শুজাচার পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রসমূহ পর্যালোচনান্তে ০৬(ছয়) জন দপ্তর/সংস্থার প্রধান পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হন। উপস্থিত শুজাচার পুরস্কার প্রদান বিষয়ক কমিটির সদস্যবৃন্দের পর্যালোচনা ও মূল্যায়নের ভিত্তিতে ০১(এক) জন দপ্তর/সংস্থা প্রধান শুজাচার পুরস্কারের জন্য নির্বাচিত হন।

সভায় সার্বিক বিবেচনায় যথাক্রমে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা প্রধানদের মধ্যে হতে নিম্নোক্ত কর্মচারীগণকে শুজাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়-

- গ্রেড-১ হতে গ্রেড-১০ ডুস্ত ক্যাটাগরিতে জনাব শেলিনা খানম, উপসচিব (সিআর-৩ শাখা), অতিরিক্ত সচিবের দপ্তর;
- গ্রেড-১১ হতে গ্রেড-২০ ডুস্ত ক্যাটাগরিতে জনাব মোঃ রাকিবুল হক ভূইয়া, কম্পিউটার অপারেটর, সচিবের দপ্তর; এবং
- দপ্তর/সংস্থা প্রধানদের মধ্যে হতে জনাব বদরুন নেছা, রেকর্ডার, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেখ ইউসুফ হারুন

সচিব

ও সভাপতি


শুজাচার পুরস্কার প্রদান কমিটি

নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০১৪.১৮-৭০৯

তারিখ: ২১ আশ্বিন ১৪২৭
০৬ অক্টোবর ২০২০

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. অতিরিক্ত সচিব (এপিডি) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. অতিরিক্ত সচিব (সিপিটি) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫. অতিরিক্ত সচিব (সওব্যা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬. অতিরিক্ত সচিব (বিধি) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮. অতিরিক্ত সচিব (আইন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৯. অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. যুগ্মসচিব (শৃঙ্খলা-১ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
১৩. অফিস কপি/মাস্টার কপি।


(মেহেদীন হাসিন) ১/১০/২০২০

সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-৯৫৭৪০৮১
dis3@mopa.gov.bd